দৈনিক ইত্তেফাক

৭

তারিখ ... ... OCT. 1 1 1999 ...
পৃষ্ঠা ১৩ ... কলাম ৬ ......

# ছাত্র লীগের কৃষি বিশ্ববিদ্যালয় শাখার নূতন কমিটি

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) হইতে সংবাদদাতা ॥ বাংলাদেশ ছাত্র-লীগ বাকৃবি শাখার সম্মেলনে আগামী এক বছরের জন্য বিশ্বনাথ সরকার বিটুকে সভাপতি ও তারিফ আনামকে সাধারণ সম্পাদক করিয়া নূতন কমিটি গঠন করা হইয়াছে।

গত ২২ সেপ্টেম্বর শিরাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে সম্মেলনের উদ্বোধন করেন ছাত্রলীগ কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অজয় কর খোকন। ছাত্রলীগ বাকবি শাখার সভাপতি ও বাকসু'র ভিপি আঃ মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৃষক লীগের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক কৃষিবিদ বদিউজ্জামান বাদশা, জেলা আঃ লীগের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন, বাকসু'র জি, এস, আরিফ জাহাঙ্গীর, ছাত্র লীগ বাকৃবি শাখার বিদায়ী সাধারণ সম্পাদক মেজবাহ-জ্জামান চন্দন প্রমুখ।